


সংবাদ পরিক্রমা

সেপ্টেম্বর

২২ সেপ্টেম্বর ২০২০

লোকসংস্কৃতি সংগ্রহ ও সংরক্ষণ কর্মসূচি শুরু



লোকসংস্কৃতি সংগ্রহ ও সংরক্ষণ কর্মসূচির আওতায় ঢাকা বিভাগের ঢাকা, মানিকগঞ্জ, নরসিংদী, নারায়নগঞ্জ গাজীপুর, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, মুন্সিগঞ্জ এই আটটি জেলায় 'লোকসংস্কৃতি সংগ্রহ ও সংরক্ষণ কর্মসূচি ২০২০' শুরু হয়েছে।

গ্রামপ্রধান বাংলাদেশের বিশাল জনগোষ্ঠী যুগযুগ ধরে বৈচিত্রময় সংস্কৃতি গড়ে তুলেছে। এর মধ্যে

সবচেয়ে সমৃদ্ধ আমাদেরও লোকসংস্কৃতি। আমাদের লোকগানের বিশাল ভান্ডারে রয়েছে ভাওয়াইয়া, ভাটিয়ালি মুর্শিদী, মারফতি, বাউলগান, গম্ভীরা, অষ্টক, আলকাপ, ঘাটুগান, পালাগান বিচারগান, কবিগান। এর অনেকটাই কালের আবর্তে হারিয়ে যেতে বসেছে সংগ্রহ ও সংরক্ষণের অভাবে।

মহাপরিচালক লিয়াকত আলী লাকীর ভাবনা ও পরিকল্পনায় লুপ্তপ্রায় লোকসংস্কৃতি সংগ্রহ ও সংরক্ষণের উদ্যোগ গ্রহণ করেছে বাংলাদেশ শিল্পকলা একাডেমি। ২২ সেপ্টেম্বর ২০২০ মানিকগঞ্জ জেলার গীতিকবিদের গান সংগ্রহ দিয়ে এই কর্মসূচি শুরু হয়। পর্যায়ক্রমে ঢাকা বিভাগের অন্যান্য জেলাগুলোতে এই কার্যক্রম বাস্তবায়ন করা হবে। প্রাথমিকভাবে সাতজন গীতিকারের সাড়ে চার হাজার গানের মধ্য হতে সাড়ে চারশত গান গীত অবস্থায় ধারণ এবং বাকি গান লিখিত আকারে সংরক্ষণ করা হবে। সাতজন গীতিকার হলেন রশীদ সরকার, সাইদুর রহমান বয়াতী, দেওয়ান রশীদ, ভবা পাগলা, গওহর শাহ, কানু শাহ, ইয়াব আলম আল চিশতী।

উলোখ্য 'লোকসংস্কৃতি সংগ্রহ ও সংরক্ষণ কর্মসূচি' শিরোনামে ২০১৬ সালে বাংলাদেশের পাঁচটি অঞ্চল রংপুর বিভাগের আটটি জেলা, বৃহত্তর ফরিদপুরের ৫টি জেলা, বৃহত্তর ময়মনসিংহ ৬টি জেলা, সুনামগঞ্জ জেলা ও

ঝিনাইদহ জেলাসহ মোট ২১টি জেলা হতে ১৩,৪৮১টি লোকগান সংগ্রহ করা হয়েছে যা জাতীয় আর্কাইভে সংরক্ষিত রয়েছে।

২৮ সেপ্টেম্বর ২০২০

‘উন্নয়নের কবি মানবতার মা’ শীর্ষক মাসব্যাপী প্রদর্শনীর উদ্বোধন

গণতন্ত্রের মানসকন্যা, বাংলাদেশের স্বপ্নসারথি, অবিসংবাদিত ও দূরদর্শী রাষ্ট্রনায়ক মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা-এর ৭৪তম জন্মদিন ২৮ সেপ্টেম্বর ২০২০। বাংলাদেশের অগ্রগতির অসামান্য রূপকার, দূরদর্শী রাষ্ট্রনায়কের নেতৃত্বে অপ্রতিরোধ্য অগ্রযাত্রায় ২০৪১ সালে উন্নত দেশে পরিনত হওয়ার স্বপ্ন দেখছে বাংলাদেশ।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র ৭৪তম জন্মদিন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় বাংলাদেশ শিল্পকলা একাডেমি আয়োজন করেছে 'উন্নয়নের কবি মানবতার মা' শীর্ষক মাসব্যাপী প্রদর্শনী। প্রদর্শনী বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় চিত্রশালায় ২৮ সেপ্টেম্বর থেকে ২৭ অক্টোবর ২০২০ প্রতিদিন সকাল ১১টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত।

২৮ সেপ্টেম্বর ২০২০ বিকালে বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় চিত্রশালা মিলনায়তনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রদর্শনী'র উদ্বোধন করেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী কে এম খালিদ এমপি। বাংলাদেশ শিল্পকলা একাডেমির সম্মানিত মহাপরিচালক জনাব লিয়াকত আলী লাকী এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মোঃ বদরুল আরেফীন এবং বিশিষ্ট কথাসাহিত্যিক সেলিনা হোসেন।



প্রদর্শনীর উদ্বোধনী আলোচনা শেষে পরিবেশিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। অনুষ্ঠানের শুরুতেই জয়দ্বীব পালিত এর নৃত্য পরিচালনায় বিপুল তরঙ্গ রে এবং ফিফা চাকমা'র নৃত্য পরিচালনায় আইজ কোনো মোর প্রাণ সজনী (ধামাইল) গানের কথায় ২টি সমবেত নৃত্য পরিবেশন করে বাংলাদেশ

শিল্পকলা একাডেমির নৃত্যশিল্পীবৃন্দ। রঞ্জু রেজা'র কথা এবং সজিব দাস এর সুরে 'দৃষ্টি তোমার বিজয়ে বাঁধাহীন তুমি' গানের কথায় শিল্পী ফাহিমদা নবী এবং এস আই টুটুল এর কথা ও সুরে 'নতুন করে সুখ এলো বাংলার ঘরে ঘরে' গানের কথায় শিল্পী এস আই টুটুল একক সংগীত পরিবেশন করেন। হাসান মতিউর রহমানের কথা এবং ইবরার টিপু'র সুরে 'জয় জয় জয় শেখ হাসিনা'র জয়' গানের কথায় দ্বৈত সংগীত পরিবেশন করে শিল্পী ইবরার টিপু ও বিন্দু কনা। মাননীয় প্রধানমন্ত্রীকে জন্মদিনের শুভেচ্ছা কবিকণ্ঠে পাঠ করেন কবি শাহজাদী আঞ্জুমান আরা এবং কবি সৈয়দ শামসুল হক এর কবিতা আহা, আজ কি আনন্দ অপার আবৃত্তি করেন শিল্পী গোলাম সারোয়ার। অনুষ্ঠানটি সঞ্চালনা করেছেন নবনীতা চৌধুরী।

মাননীয় প্রধানমন্ত্রীর ৭৪তম জন্মদিনে বাংলাদেশ শিল্পকলা একাডেমি কর্তৃক আয়োজিত বিশেষ শিল্পকর্ম প্রদর্শনীতে ভিন্ন মাত্রায় তাঁর সংগ্রামী জীবন ও অর্জনসমূহ ফুটিয়ে তোলা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর বর্ণিল ব্যক্তিত্ব, তাঁর উন্নয়নমূলক কর্মকান্ড এবং তাঁকে নিয়ে শিল্পী ও কবিদের বিশেষ সৃষ্টি নিয়ে আমরা আয়োজন করেছি এই প্রদর্শনী। তাঁকে নিয়ে ১৪জন প্রথিতযশা কবিদের স্বলিখিত কবিতার সাথে ১৪টি চিত্রকর্ম ঐকেছেন দেশের খ্যাতিমান ১৪জন শিল্পী। অন্যদিকে রেখাচিত্রে জননী শীর্ষক আর্টক্যাম্পে প্রতিভাবান বিশিষ্ট শিল্পীবৃন্দ ঐকেছেন মাননীয় প্রধানমন্ত্রী অবয়বের ৪৩টি রেখাচিত্র। সেখানেও তাঁকে উপস্থাপন করা হয়েছে বিভিন্ন রুপে। বাংলাদেশ শিল্পকলা একাডেমির সংগ্রহে থাকা 'শেখ হাসিনা: বাংলাদেশের স্বপ্নসারথি' শীর্ষক আর্টক্যাম্পে অংকিত ১৩৪টি চিত্রকর্মও থাকবে এ প্রদর্শনীতে। এছাড়াও বাংলাদেশ শিল্পকলা একাডেমি এর মহাপরিচালক জনাব লিয়াকত আলী লাকী এর ভাবনা ও পরিকল্পনায় এবং শিল্পী অভিজিত চৌধুরীর তত্ত্বাবধানে ১২জন শিল্পীর সমন্বয়ে জাতীয় চিত্রশালা প্লাজায় মাননীয় প্রধানমন্ত্রীকে নিয়ে নির্মিত একটি স্থাপনাশিল্প প্রদর্শিত হবে।

স্বাস্থ্যবিধি মেনে প্রদর্শনী পরিদর্শন করা যাবে। এছাড়া অনলাইনে ভার্চুয়াল গ্যালারির মাধ্যমে প্রদর্শনী দেখা যাবে।